Roll No. [ ]

## Series RKM

Code No. 7

- Please check that this question paper contains 4 printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 16 questions.
- Please write down the serial number of the question before attempting it.

# BENGALI
# বাংলা

*Time allowed : 3 hours*
*সময় : 3 ঘন্টা*

*Maximum Marks : 100*
*সর্বমোট অঙ্ক : 100*

## SECTION A

1. বিসর্গ সন্ধির সংজ্ঞা লেখ। এই সন্ধির দুটি উদাহরণ দাও। 5

**অথবা**

সন্ধি বিচ্ছেদ কর : (যে কোন *পাঁচটি*)

সচ্চরিত্র, ষড়ানন, ধনুষ্টঙ্কার, উচ্ছ্বাস, শিরোশ্ছেদ, বৃষ্টি, বিচ্ছেদ, উড্ডীন

2. দ্বন্দ্ব সমাস কাকে বলে ? দুটি উদাহরণ দাও। 5

**অথবা**

ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (*দুটি*) :

লঙ্কাবাটা, তনুমন, আশৈশব, মন-মাঝি, ছেলেমেয়ে, নষ্টনীড়, অনুসরণ।

3. নির্দেশ অনুসারে বাক্য-পরিবর্তন কর (*দুটি*) : 5

(ক) যদি সাধনা না কর, সিদ্ধিলাভ হইবে না। (জটিল থেকে সরল)

(খ) তিনি পন্ডিত ছিলেন কিন্তু ধার্মিক ছিলেন না। (যৌগিক থেকে সরল)

(গ) ইলিশের মরশুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণ হইয়া যায়। (সরল থেকে জটিল/মিশ্র)

(ঘ) স্টেশনে পৌছাঁন মাত্র ট্রেন ছেড়ে দিল। (সরল থেকে যৌগিক)

www.examrace.com

4. চলিতভাষায় লেখা গদ্যাংশটি সাধুভাষায় লেখ : 5

চেরোকি বলে আমেরিকায় একদল আদিবাসী আছে। তাদের উপকথায় আছে বনেব মধ্যে একটি মেয়ে ছিল সেই মেয়েই প্রথম শস্য আবিষ্কার করেছিল। মৃত্যুর আগে সে বলে গেছিল, তার মৃতদেহকে মাটির উপর দিয়ে টেনে নিয়ে যেতে হবে — সে দেহ যেখানে যেখানে মাটি স্পর্শ করেছে, সেখানে সেখানেই প্রচুর শস্য ফলেছে।

5. নীচে লেখা গদ্যাংশটিতে প্রয়োজনস্থলে বিরাম চিহ্ন বসাও : 5

সর্দারজী যখন চুল বাঁধতে দাড়ি সাজাতে আর পাগড়ি পাকাতে আরম্ভ করলেন ওখনই বুঝতে পারলুম পেশাওয়ার পৌঁছতে আর মাত্র ঘন্টাখানেক বাকি গরমে ধুলোয় কয়লার গুঁড়োয় কাবাবরুটিতে আর স্নানাভাবে আমার গায়ে তখন আর একরত্তি শক্তি নেই যে বিছানা গুটিয়ে হোল্ডল বন্ধ করি কিন্তু পাঠানের সঙ্গে ভ্রমণ করাতে সুখ এই যে আমাদের কাছে যে কাজ কঠিন বলে বোধ হয় পাঠান সেটা গায়ে পড়ে করে দেয়।

6. নিম্নলিখিত দুটি শব্দের ভিন্ন ভিন্ন অর্থে প্রয়োগ দেখাও (উদাহরণ সহ) : 5

কথা, অঙ্ক, কড়া, অর্থ, গুণ।

7. অশুদ্ধি সংশোধন কর (*পাঁচটি*) : 5

আলস্যতা, ভৌগলিক, দারিদ্রতা, অত্যাধিক, সমুহ, বিসম, আছার, মনীষি।

8. নীচে লেখা বিষয়গুলোর মধ্যে যে কোন একটি বিষয় নিয়ে 150 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ লেখ : 8

(ক) একটি ঝড়ের রাত

(খ) মেট্রোরেলে একদিন

(গ) প্রতিদিনের জীবনে বিজ্ঞান

(ঘ) পরিবেশ-দূষণ

9. উদ্ধৃত সূত্র অবলম্বন করে 100 শব্দের মধ্যে একটি গল্প লেখ। গল্পের একটি শিরোনাম দাও : 5

যানজটে আটকে প'ড়ে বিরক্ত মুখে বাস থেকে নামছি। বাড়ি যেতে আরও কত দেরি হবে বুঝতে পারছিনা — ক্রমেই অধীর হয়ে উঠছি। এমন সময়ে গাড়িঘোড়ার মাঝখান দিয়ে দৌড়ে এল একটি লোক ....

www.examrace.com

10. নীচের অনুচ্ছেদটি ভাল করে প'ড়ে প্রশ্নগুলির উত্তর লেখ : 6

বৈদিক মানুষদের জীবনধারণের প্রধান উপায় ছিল পশুপালন। চাষবাস তাঁরা জানতেন কিনা — জানলেও কতখানি পর্যন্ত জানতেন — এ নিয়ে তর্ক আছে। তাঁদের সমাজটা ছিল পুরুষপ্রধান — পিতৃপ্রধান। এঁদের দেবতারা ছিলেন ইন্দ্র, বরুণ, মিত্র, পূষণ, অগ্নি, সূর্য, মাতরিশ্ব — এঁরা। এঁরা কেউ দেবী নন। খাসিয়াদের মধ্যে কিন্তু কোথাও কোথাও মাতৃপ্রধান সমাজ আজও টিঁকে আছে — তাদের ধর্মে দেবতা নন, দেবীদেরই প্রাধান্য।

(ক) বৈদিক মানুষদের জীবনধারণের প্রধান উপায় কি ছিল ?

(খ) বৈদিক সমাজে কারা প্রধান ছিলেন — নারী না পুরুষ ?

(গ) কাদের মধ্যে মাতৃপ্রধান সমাজ কোথাও কোথাও টিঁকে আছে ?

11. একটানা বৃষ্টির পর ঝলমলে রোদ্দুর মেখে একটা সকাল হয়েছে — শারদীয়া দুর্গাপূজোর ষষ্ঠীর সকাল। তোমার মনের আনন্দ আর সকালটির বর্ণনা দিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ। 6

**অথবা**

অসুস্থ থাকার দরুণ তিনদিন স্কুলে যেতে পারোনি। তোমার স্কুলের প্রধানাচার্য্যকে সে-কথা জানিয়ে ছুটির জন্য একটি দরখাস্ত লেখ।

## SECTION B

12. 'পদ্মানদীর মাঝি' গদ্যাংশটির রচয়িতা কে ? পদ্মানদীর মাঝি বলতে কাকে বোঝানো হয়েছে ? সে কোথায় মাছ ধরছিল ? তার মাছধরার একটি বিবরণ দাও। 13

**অথবা**

'এবারে বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়।' — উদ্ধৃতিটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে ? গল্পে বাঙালি সমাজে প্রচলিত পণপ্রথার যে দুঃখজনক ছবিটি আঁকা হয়েছে তার বর্ণনা দাও।

13. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখ : 5

এখানে যেন তাঁহার স্বজাতি সোদর কেহ ছিলনা।

**অথবা**

কর্তব্য ! এই ছোট্ট একটি কথার আড়ালে পৃথিবীর কত ভাল এবং কত মন্দই না সঞ্চিত হইয়া আছে।

www.examrace.com

14. নজরুল ইসলাম 'কান্ডারী হুঁশিয়ার' কবিতায় 'কান্ডারী' বলে কাকে সম্বোধন করেছেন ? কবিতাটির ভাবার্থ আলোচনা করে বুঝিয়ে দাও যে কান্ডারীকে কেন হুঁশিয়ার করা হচ্ছে ? 7

**অথবা**

'আগামী' কবিতাটির রচয়িতার নাম কি ? কবিতাটির কিছু কিছু উদ্ধৃতি দিয়ে কবিতার অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা কর ।

15. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখ : 5

গঙ্গা নামে সতা তার তরঙ্গ এমনি ।
জীবন-স্বরূপা সে স্বামীর শিরোমণি ॥

**অথবা**

সে পদচিহ্ন কোথায় মিলাল
তারপর নাহি খোঁজ !
মানুষের ঘরে সকলের বড়
উৎসব নওরোজ ।

16. অবনীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'রাজকাহিনী' গ্রন্থের 'পদ্মিনী' অধ্যায়ে কিভাবে পদ্মিনী রাণা ভীমসিংহের বন্দীত্বমোচন করে তাকে আলাউদ্দিন এর হাত থেকে ছাড়িয়ে এনেছিলেন তার বিবরণ দাও । 10

**অথবা**

'গোহ' অধ্যায়ে ভীমরাজ মান্ডলিকের আখ্যানটি তোমার ভাষায় গুছিয়ে লেখ ।

www.examrace.com